

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলো ঘানার ন্যাশনাল মজলিসে আমেলা



“আপনাদের অবশ্যই অনলাইনে তবলীগের নতুন নতুন রাস্তার অনুসন্ধান করতে হবে এবং ঘানার মানুষের কাছে পৌঁছানোর নতুন পথসমূহ চিহ্নিত করতে হবে” - হযরত মির্যা মসরুর আহমদ (আই.)

২৮ নভেম্বর ২০২০ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর সাথে এক ভার্চুয়াল (অনলাইন) আনুষ্ঠানিক সভায় মিলিত হওয়ার সুযোগ লাভ করলো আহমদীয়া মুসলিম জামা'ত ঘানার ন্যাশনাল মজলিসে আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ)।

সভায় আরো উপস্থিত ছিলেন আহমদীয়া মুসলিম জামা'ত ঘানায় সেবারত আঞ্চলিক মুবাল্লেগ (ধর্ম প্রচারক)-গণ এবং আঞ্চলিক প্রেসিডেন্টগণ।

হযরত আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভার সভাপতিত্ব করেন, আর ন্যাশনাল আমেলার সদস্যগণ আক্রার বুস্তান-এ-আহমদ-এ অবস্থিত ওয়াহাব আদম এমটিএ স্টুডিওস থেকে অংশগ্রহণ করেন।



আশি মিনিটের এ সভায় সবাই হুযূর আকদাসের সাথে কথোপকথনের এবং ন্যাশনাল আমেলার সদস্যগণ নিজ নিজ বিভাগীয় কর্মকাণ্ড সম্পর্কে রিপোর্ট উপস্থাপন ও বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ পান।

যে দেশে তিনি আট বছর বসবাস করে আহমদীয়া মুসলিম জামা'তের সেবায় নিয়োজিত ছিলেন, সেই ঘানার সাথে তাঁর ব্যক্তিগত সম্পর্কের কারণে উপস্থিত অনেকেই হুযূর আকদাসের পরিচিত ছিলেন, আর অনেকেই তিনি ব্যক্তিগতভাবে চিনতে পারেন যাদের কেউ কেউ তাঁর ঘানায় অবস্থানকালে অল্পবয়স্ক শিশু ছিলেন।

সভার শুরুতে হুযূর আকদাস এ নির্দেশনা প্রদান করেন যে, প্রকৃত ইসলামের বাণী প্রচারে তবলীগের কাজ ঘানায় বৃদ্ধি পাওয়া উচিত এবং কোভিড-১৯ এর বিশ্বজনীন মহামারীর কারণে তা বাধাগ্রস্ত হওয়া উচিত নয়।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“এ বিশ্বজনীন মহামারীর মধ্যেও ইসলামের বাণী অন্যের কাছে প্রচার করা সম্ভব। যদি আপনারা বড় বড় অনুষ্ঠান না করতে পারেন, তবে ব্যক্তিগত পর্যায়ে মানুষের সাথে সাক্ষাতের উপর মনোনিবেশ করুন, এবং ব্যক্তিগত পর্যায়ে ইসলামের শিক্ষার প্রচারের এ প্রয়াসে বেশি থেকে বেশি আহমদীদের সম্পৃক্ত করুন।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরো বলেন:

“এটি কোভিড-১৯-এরই কল্যাণ যে এখন আপনারা সরাসরি আমার সাথে কথা বলছেন এবং আমি ঘানার আমেলার সাথে সরাসরি কথা বলতে পারছি। সুতরাং, অনুরূপভাবে আপনাদেরকেও অবশ্যই অনলাইনে তবলীগের নতুন নতুন রাস্তার অনুসন্ধান করতে হবে এবং ঘানার মানুষের কাছে পৌঁছানোর নতুন পথসমূহ চিহ্নিত করতে হবে। অতএব, আপনাদের দেশের মানুষের কাছে পৌঁছানোর একটি যথাযথ পরিকল্পনা গ্রহণ করুন এবং সম্ভাব্য সর্বোত্তম উপায়ে তবলীগের (ধর্মপ্রচারের) কাজ সম্পন্ন করুন।”

হুযূর আকদাস নির্দেশনা দেন যে, উমূরে খারেজা (বহিঃসম্পর্ক) বিভাগের উচিত, ঘানার প্রাকৃতিক সম্পদের এমন সদ্ব্যবহারের বিষয়ে দেশটির নেতাদেরকে সুপরামর্শ দেওয়া, যা দারিদ্র্য দূরীকরণে সহায়ক হয় এবং দেশের মানুষের জীবনযাত্রার মান উন্নত করে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“দেশের রাজনীতিবিদ ও নেতৃবৃন্দের সাথে উমূরে খারেজা বিভাগের ব্যক্তিগত যোগাযোগ রাখা উচিত এবং তাদের উপলব্ধি ও অনুধাবন করানো উচিত যে, দেশের অগ্রগতির জন্য তাদের আন্তরিকতার সাথে কাজ করে যাওয়া আবশ্যিক, যেন দেশটি সমৃদ্ধি ও উন্নতি লাভ করে। ঘানাকে বহুবিধ প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ করা হয়েছে, আর তাই রাজনীতিবিদদের উদ্বুদ্ধ করুন তারা যেন এসকল সম্পদকে এমনভাবে কাজে লাগান, যা দেশ ও এর জনগণের সত্যিকারের কল্যাণে আসে, এবং ঘানা ও ঘানাবাসী মানুষের আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থা উন্নতির কারণ হয়।”

হুযূর আকদাস এর পাশাপাশি আহমদীয়া মুসলিম জামা'ত ঘানার বেশ কয়েকজন তরুণ জীবন উৎসর্গকারীর সাথে স্নেহপূর্ণ-ভাবে কথা বলেন যারা সাম্প্রতিককালে উত্তীর্ণ হয়ে মুবাঞ্জিগ হিসেবে যোগদান করেছেন। হুযূর আকদাস তাদেরকে উর্দু ভাষার উপর তাদের দখল বৃদ্ধি করতে উৎসাহ প্রদান করেন, যেন তারা সরাসরি মসীহ মওউদ (আ.)-এর মূল বইগুলো পাঠ করতে পারেন। এ প্রসঙ্গে, হুযূর আকদাস বলেন যে, তাদের প্রতিদিন মসীহ মওউদ (আ.) কিছু উদ্ধৃতি পড়া উচিত এবং এবং নিয়মিতভাবে হুযূর আকদাসের নিকট উর্দুতে চিঠি লেখা উচিত।



সভার শেষ প্রান্তে আহমদীয়া মুসলিম জামাত ঘানার ন্যাশনাল আমীর এবং মুবাল্লিগ-ইন-চার্জ মৌলানা মোহাম্মদ বিন সালেহ্ ৭ ডিসেম্বর ২০২০ অনুষ্ঠিতব্য ঘানার আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের জন্য হুযূর আকদাসের নিকট দোয়ার জন্য আবেদন করেন।

এতে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“যদি বর্তমান সরকার দেশের এবং এর জনগণের জন্য ভালো করে থাকে, তাহলে তাদেরই বিজয়ী হওয়া উচিত। আর যদি এমনটা না হয়ে থাকে, তবে আমি দোয়া করি যেন অন্য কেউ সরকার গঠন করেন, যিনি দেশের জন্য কল্যাণকর সাব্যস্ত হন এবং দেশের উন্নতির জন্য আন্তরিকতা এবং সততার সাথে কাজ করেন, ইনশাআল্লাহ।”